

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আশ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০

প্রচার পত্র নং- ২৭/২০১৮

তারিখঃ ০৪/০৪/২০১৮খ্রিঃ

সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা এর স্মারক নং- ০৮.০১.০০০০.০৬৮.১৭.০০২.১২/৭৭, তারিখ-২০ মার্চ, ২০১৮ খ্রিস্টাব্দ সম্মানিত সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হলো।

স্বাক্ষরিত/-

(মোহাম্মদ মুছা)

সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

রাজস্ব ভবন

সেগুনবাগিচা, ঢাকা।

[মুসক আইন ও বিধি শাখা]

নথি নং-০৮.০১.০০০০.০৬৮.১৭.০০২.১২/৭৭,

০৬, চৈত্র, ১৪২৪ বঙ্গাব্দ।
তারিখঃ ২০ মার্চ, ২০১৮ খ্রিস্টাব্দ।

বিষয়ঃ শতভাগ রপ্তানিকারক পোশাক শিল্প প্রতিষ্ঠানের সেবার বিপরীতে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ কর্তৃক ১৫% ভ্যাট আদায় বন্ধকরণ প্রসঙ্গে।

- সূত্রঃ (১) চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের পত্র নং- ০৮.০৪.০০০০.৫৫১.৩৬.০০৭.১৭/৬৩৮, তারিখঃ ১৪/১১/২০১৭ খ্রিস্টাব্দ।
(২) জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং- ০৮.০১.০০০০.০৬৮.১৭.০০২.১২/২৭৪, তারিখঃ ২৭/১২/২০১৭ খ্রিস্টাব্দ।
(৩) BGMEA এর পত্র নং-বিজিএ/কাস/২০১৮/৩০১০, তারিখঃ ০১/০৩/২০১৮ খ্রিস্টাব্দ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রসমূহের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, সূত্রে উল্লিখিত BGMEA হতে প্রাপ্ত পত্রের মাধ্যমে শতভাগ রপ্তানিকারক পোশাক শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রে বন্দর সেবার (S০০৫.২০) বিপরীতে ভ্যাট আদায় বন্ধ করার বিষয়ে দিক-নির্দেশনা কামনা করা হয়েছে। পত্রটি এবং সংশ্লিষ্ট বিধি-বিধান জাতীয় রাজস্ব বোর্ডের মূসকনীতি অনুবিভাগে পর্যালোচনা করা হয়েছে। পর্যালোচনায় দেখা যায় যে, এস.আর.ও নং- ১৫৪/আইন/২০০৫/৪৪৫-মূসক, তারিখঃ ০৯/০৬/২০০৫ খ্রিস্টাব্দ এর মাধ্যমে নিবন্ধিত শতভাগ রপ্তানিকারক, শতভাগ প্রাচল রপ্তানিকারক প্রতিষ্ঠান এবং EPZ এ অবস্থিত প্রতিষ্ঠানের ক্ষেত্রে রপ্তানি পণ্য উৎপাদন পর্যায়ে ব্যবহৃত উপকরণ আমদানি ও তৈরী পণ্য রপ্তানি উভয় পর্যায়ে S০০৫.২০ “বন্দর” সেবা কে ১০০% মূসক অব্যাহতি দেয়া আছে এবং উক্ত এস.আর.ও বর্তমানেও বহাল আছে। তাই, সূত্রোক্ত (২) নং পত্রের অনুবৃত্তিক্রমে এস.আর.ও নং- ১৫৪/আইন/২০০৫/৪৪৫-মূসক, তারিখঃ ৯/৬/২০০৫ খ্রিস্টাব্দ মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে।

স্বাঃ/-

[মোঃ তারেক হাসান]

দ্বিতীয় সচিব (মূসক আইন ও বিধি)

ফোনঃ ৮৩১৮১২০, এক্সঃ ৩৪৮